



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক ৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-২৯৯

তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দাখিল পরীক্ষা-২০২৬ এর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে বিভাগ/বিষয়/ছবি সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের দাখিল পরীক্ষা-২০২৬ এর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম বিভিন্ন ধাপে সম্পন্ন করা হয়েছে। রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিভাগ/বিষয়/ছবি সংশোধন প্রয়োজন সে সকল শিক্ষার্থী ও অভিভাবক এবং মাদ্রাসা প্রধানের আবেদনের প্রেক্ষিতে তার অনলাইনে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে আগামী ১৮/০২/২০২৫ খ্রি. তারিখ থেকে ১৭/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সংশোধনের আবেদন করা যাবে:

নিয়মাবলি

- শিক্ষার্থীকে বিভাগ/বিষয়/ছবি সংশোধনের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে আবেদন লিখে জমা দিতে হবে। ভবিষ্যৎ প্রয়োজনে মাদ্রাসা প্রধান শিক্ষার্থীর আবেদন সংরক্ষণ করবেন;
- মাদ্রাসা প্রধান কে শিক্ষার্থীর আবেদনের তথ্যাদি নিবন্ধিত বিভাগ/বিষয়/ছবি যাচাই করে যে কোন ব্রাউজার হতে eSIF ওয়েবসাইট লিংক www.ebmeb.gov.bd তে প্রবেশ করে প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করতে হবে। অতঃপর **Edit** অপশনে ক্লিক করে বিভাগ/বিষয়/ছবি সংশোধনের আবেদন সাবমিট করতে হবে। আবেদন সাবমিটের পর **পেমেন্ট** অপশনে ক্লিক করে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে নির্ধারিত বোর্ড ফি প্রদান সম্পন্ন করতে হবে;
- শিক্ষার্থীর বিভাগ/বিষয়/ছবি সংশোধনের আবেদন সাবমিটের পর ফি পরিশোধ না করা পর্যন্ত সংশোধন কার্যকর হবে না। বোর্ড ফি পরিশোধের ৭২ ঘণ্টার মধ্যে eSIF এ স্বয়ংক্রিয়ভাবে তথ্য সংশোধন হয়ে যাবে;
- সংশোধনে নতুন কোন শিক্ষার্থীকে **Entry** বা রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীকে **Delete** করার সুযোগ থাকবে না।;
- বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত বিভাগ খোলার অনুমতি আছে কিনা তা নিশ্চিত হয়ে সংশোধনের জন্য আবেদন করতে হবে।
- উল্লিখিত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সকল প্রতিষ্ঠানের লক খুলে দেয়া হবে বিধায় বর্ণিত সময়ের মধ্যে সবাইকে ফাইনাল সাবমিট দিবে; তাতে ফাইনাল স্টুডেন্ট লিস্ট পাওয়া যাবে। অন্যথায় মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে তথ্য লক হবে এবং **টেম্পোরারী স্টুডেন্ট লিস্ট** প্রিন্ট পাওয়া যাবে;
- বিভাগ/বিষয়/ছবি সংশোধন সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য প্রদানে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

বিঃ দ্রঃ শুধুমাত্র সংশোধন ফি প্রদান ও আবেদন সাবমিট সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯ যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবদুছ হেত্তার মিয়া)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২-৯৬১২৮৫৮

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের মাদ্রাসা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড; ১৬/২/২৫
- প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- অফিস কপি।

(মো: জিয়াউর রহমান)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২-২২৩৩৬৫৪০৩